

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪

সিএন্ডএফ এজেন্টস হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net

E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্বেবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৬০/২০১৭

তারিখ : ২৩/১০/২০১৭খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক (নিরাপত্তা) চবক এর দপ্তরাদেশ নামা নং-২৭৩/২০১৭ তারিখঃ ১৬ অক্টোবর, ২০১৭ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-

(মোহাম্মদ মুছা)

সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (নিরাপত্তা)/ চবক এর দপ্তরাদেশ নামা নং-২৭৩/২০১৭

তারিখ, চট্টগ্রামঃ ১৬ অক্টোবর, ২০১৭ইংরেজী।

১। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বন্দর ব্যবহারকারী হিসেবে সরকারী, বেসরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বন্দর সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী এবং নিয়োজিত শ্রমিকদের অনুকূলে চবক এর নিরাপত্তা বিভাগ হতে ইস্যুকৃত Port Entry Pass এর নবায়ন কার্যক্রম আগামী ০১ নভেম্বর ২০১৭ইং হতে ৩১ ডিসেম্বর ২০১৭ইং পর্যন্ত অব্যাহত থাকবে।

২। উক্ত নবায়ন কার্যক্রমে বন্দর ব্যবহারকারী সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী ও শ্রমিকদের প্রয়োজনীয় ডকুমেন্টসসহ সরকার কর্তৃক নির্ধারিত সর্বমোট ফি ৩৪৫/- (তিনশত পঁয়তাল্লিশ টাকা মাত্র) [ফি ৩০০/- টাকা + ১৫% ভ্যাট=৪৫/- টাকা] প্রদান করতঃ আগামী এক বছরের জন্য (০১/০১/২০১৮ইং থেকে ৩১/১২/২০১৮ইং পর্যন্ত) নবায়ন করার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে Port Entry Pass নবায়ন করা না হলে পরবর্তীতে জরিমানাসহ নির্ধারিত ফি পরিশোধপূর্বক নবায়ন করতে হবে।

৩। উল্লেখ্য, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর নামে ইস্যুকৃত Port Entry Pass আংশিক নবায়ন করা হবে না বরং Port Entry Pass নবায়ন/বাতিলের মাধ্যমে হালনাগাদ করতে হবে।

৪। এতদ্বিষয়ে অত্র দপ্তর হতে জারীকৃত দপ্তরাদেশনামা নং-২৫৪/২০১৭ তারিখ-১৮ সেপ্টেম্বর, ২০১৭ বাতিল বলে গণ্য হবে।

স্বাঃ/-

পরিচালক(নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-১৬/১০/২০১৭ইং।

নং-১৮.০৪.০০০০.১৩২.১৮.০৭(লাঃশাঃ).১৬/৯৫০